

নিরক্ষরতা মোচনে এক কোটি বই প্রকাশের ব্যবস্থা

(শ্রীক্ষমতা)

আগামী পাঁচ বছরের মধ্যে দেশ থেকে নিরক্ষরতা দূর করার লক্ষ্যে গণশিক্ষা কার্যক্রমের প্রাথমিক প্রস্তুতি কাজ শুরু হয়েছে। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত পাঠ্যক্রম প্রকাশ ও শিক্ষক ট্রেনিং-এর উদ্যোগ নিয়েছেন।

জানা গেছে, এই কার্যক্রমের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয় এক কোটি বই প্রকাশের ব্যবস্থা নিয়েছেন। সাবেক জনশিক্ষা পরিচালক জনাব ফেরদৌস খান বয়স্ক শিক্ষার উপযোগী করে এই বই লিখেছেন। সমস্ত বই ৩০৫টা পাঠ আছে। প্রথম পর্যায়ে ১৭টি পাঠ নিয়ে এই বই-এর ৩২ পৃষ্ঠার প্রথম অংশটি ছাপা হচ্ছে।

এই বইয়ের হরফগুলো সহজে মনে রাখার উপযোগী করা হয়েছে। জানা গেছে, এই বইটির সাথে শিক্ষা মন্ত্রণালয় মসজিদ সমাজের একটি বইও প্রকাশ করছেন। নিরক্ষরতা দূরীকরণের লক্ষ্যে যেসব স্বেচ্ছাসেবী শিক্ষকের কাজে নিয়ুক্ত থাকবেন তাদের জন্য শিক্ষক নির্দেশিকা হিসাবে পৃথক দুটি বইও ছাপা হবে।

বয়স্ক শিক্ষাদানের শিক্ষক ট্রেনিং এর ব্যবস্থা নেয়া হচ্ছে প্রতি জেলা থেকে দু'জন স্বেচ্ছাসেবী শিক্ষক এই ট্রেনিং নেবেন। দু'দিন মেয়াদী এই ট্রেনিং শেষে তারা জেলায় ফিরে গিয়ে প্রতি থানা থেকে দু'জন স্বেচ্ছাসেবী শিক্ষকের ট্রেনিং দেবার ব্যবস্থা করবেন। পরবর্তী পর্যায়ে প্রতি ইউনিয়নে দু'জন করে শিক্ষক এই ট্রেনিং নেবেন। সমস্ত কার্যক্রম আগামী

২১শে ফেব্রুয়ারী পর্যন্ত শেষ করা হবে বলে জানা গেছে।

উল্লেখ্য, প্রেসিডেন্ট জিয়াউর রহমান ২১শে ফেব্রুয়ারী থেকে দেশব্যাপী নিরক্ষরতা দূরীকরণের মাধ্যমে বিশ্ববের দ্বিতীয় পর্যায়ের লক্ষ্যে সিদ্ধান্ত ঘোষণা করেছেন ও এই উদ্দেশ্যে শিক্ষা মন্ত্রণালয় এই কার্যক্রম শুরু করেছেন।